

আল-মুলক | Al-Mulk | الْمُلْكُ

আয়াতঃ ৬৭ : ১৪

আরবি মূল আয়াত:

أَلَا يَعْلَمُ مَنْ خَلَقَ ۚ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ ﴿١٤﴾

অনুবাদসমূহ:

যিনি সৃষ্টি করেছেন, তিনি কি জানেন না? অথচ তিনি অতি সূক্ষ্মদর্শী, পূর্ণ অবহিত। — আল-বায়ান

যিনি সৃষ্টি করেছেন তিনিই কি জানেন না? তিনি অতি সূক্ষ্মদর্শী, ওয়াকিফহাল। — তাইসিরুল

যিনি সৃষ্টি করেছেন, তিনি কি জানেননা ? তিনি সূক্ষ্মদর্শী, সম্যক অবগত। — মুজিবুর রহমান

Does He who created not know, while He is the Subtle, the Acquainted? —
Sahih International

১৪. যিনি সৃষ্টি করেছেন, তিনি কি জানেন না? অথচ তিনি সূক্ষ্মদর্শী, সম্যক অবহিত।

-

তাফসীরে জাকারিয়া

(১৪) যিনি সৃষ্টি করেছেন, তিনি কি জানেন না?[1] তিনি সূক্ষ্মদর্শী, সম্যক অবগত। [2]

[1] অর্থাৎ, মন ও অন্তর এবং তাতে উদিত যাবতীয় খেলালের সৃষ্টিকর্তা তো মহান আল্লাহই। তিনি কি নিজ সৃষ্টি সম্বন্ধে অনবহিত থাকতে পারেন? এখানে প্রশ্নবাচক শব্দ অস্বীকৃতি সূচক। অর্থাৎ, তিনি অনবহিত নন; তিনি সব জানেন।

[2] الْأَذْيِ لَطُفَ عِلْمُهُ بِمَا فِي الْقُلُوبِ এর অর্থ হল সূক্ষ্মদর্শী। অর্থাৎ, যিনি হৃদয়ের যাবতীয় খবর ও অবস্থা সূক্ষ্মভাবে জানেন ও দেখেন। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5255>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন